

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১

১৮ অক্টোবর ২০২০
তারিখঃ -----
০২ কার্তিক ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে
সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর প্রতি
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার বিপরীতে সুদ/মুনাফা বাবদ ভর্তুকীর আবেদন
দাখিলের সুবিধার্থে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সার্কুলারের ৯(খ) নং অনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপিত হবে :

“সংশ্লিষ্ট ব্যাংক ঋণ/বিনিয়োগের উপর নির্ধারিত সুদ/মুনাফা আরোপ করে ঋণ/বিনিয়োগ গ্রহীতার অংশ
আদায়পূর্বক ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ১২ (বারো) কর্মদিবসের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের সম্মতিপত্রসহ
‘সংযোজনী-খ-১’ ও ‘সংযোজনী-খ-২’ অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট বরাবরে
সুদ/মুনাফা বাবদ ভর্তুকীর জন্য আবেদন করবে;”

৩। এতদ্ব্যতীত উল্লিখিত সার্কুলারের অন্যান্য শর্তসমূহ অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২